

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬০৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৯. বসা অবস্থায় ইমামতি করা

باب الإِمَامِ يُصلِّي مِنْ قُعُودٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ آدَمَ الْمَصِيصِيُّ، حَدَّثَنَا أَبُو خَالِدٍ، عَنِ ابْنِ عَجْلَانَ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّمَا جُعِلَ الإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ " . بِهَذَا الْخَبَرِ زَادَ " وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا " . قَالَ أَبُو دَاؤُدَ وَهَذِهِ الزِّيَادَةُ " وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا " . قَالَ أَبُو دَاؤُدَ وَهَذِهِ الزِّيَادَةُ " وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا " . لَيْسَتْ بِمَحْفُوطَةٍ . الْوَهَمُ عِنْدَنَا مِنْ أَبِي خَالِدٍ .

صحيح

বাংলা

৬০৪। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম এজন্যই নিয়োগ করা হয়, যেন অন্যেরা তার অনুসরণ করে। অতঃপর পূর্বোক্ত হাদীসের অনুরূপ। তাতে আরো রয়েছেঃ ইমাম যখন কিরাত পাঠ করবে, তখন তোমরা চুপ থাকবে। ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, এই অতিরিক্ত অংশটুকু- "ইমাম যখন কিরাত পাঠ করবে, তখন তোমরা চুপ থাকবে" সুরক্ষিত (মাহফূয) নয়। এটা আবৃ খালিদের ধারণা মাত্র।[1]

সহীহ।

English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: The imam is appointed only to be followed. This version adds: When he recites (the Qur'an), keep silent."



Abu Dawud said: The addition of the words "When he recites, keep silent" in this version are not guarded. The misunderstanding, according to us, is on the part of Abu Khalid (a narrator).

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ ইফতিতাহ, অনুঃ মহান আল্লাহর এ বাণীঃ যখন কুরআন তিলাওয়াত করা হয় তখনর তোমরা শ্রবণ করো এবং চুপ থাকো, হাঃ ৯২০), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ ইমামের কিরাত পাঠকালে চুপ থাকবে, হাঃ ৮৬৪), আহমাদ (২/৪২০), সকলেই মুহাম্মাদ ইবনু 'আজলান সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন